# প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (বাস্তবায়ন প্রক্রিয়াধীন)

শিক্ষা মন্ত্রনালয়ের অনুমোদনক্রমে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি বা তার সমকক্ষ শিক্ষা প্রতিষ্ঠানে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে (বিদ্যমান একাডেমিক কাঠামোতে)

[চার বছর মেয়াদী অনার্স কোর্স]

# ভর্তি নির্দেশিকা

## বিজ্ঞান ইউনিট

| | |
|---|---|
| আবেদনের সময়সীমা | ০৩ আগস্ট ২০২৫ দুপুর ১২:০০ টা হতে ১০ আগস্ট ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা |
| পূর্বের আবেদন প্রত্যাহারের সময়সীমা | ০৩ আগস্ট ২০২৫ দুপুর ১২:০০ টা হতে ১০ আগস্ট ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা |
| তথ্য/ছবি সংশোধনের সর্বশেষ তারিখ | ১২ আগস্ট ২০২৫ |
| বিষয় বরাদ্দের শেষ তারিখ | ২০ অক্টোবর ২০২৫ |
| ভর্তির শেষ তারিখ | ২৫ অক্টোবর ২০২৫ |
| ক্লাস শুরুর তারিখ | ৩০ অক্টোবর ২০২৫ |

**ভর্তি পরীক্ষা : ২৩ আগস্ট ২০২৫ শনিবার, সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত ।**

প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (বাস্তবায়ন প্রক্রিয়াধীন) অধীন সরকারি সাত কলেজ যথাক্রমে (১) ঢাকা কলেজ, (২) ইডেন মহিলা কলেজ, (৩) কবি নজরুল সরকারি কলেজ, (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, (৬)সরকারি বাঙলা কলেজ, (৭) সরকারি তিতুমীর কলেজ এর বিজ্ঞান শাখার অন্তর্ভুক্ত বিষয়সমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। যারা ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজে ভর্তি জন্য প্রাথমিক আবেদন করেছে তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্বের আবেদনই এই প্রতিষ্ঠানের আবেদন বলে বিবেচিত হবে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু মহিলা এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু পুরুষ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়া সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং সরকারি বাঙলা কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। কলেজসমূহের বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগসমূহের ভর্তি কার্যক্রম বিজ্ঞান ইউনিটের ভর্তি কমিটির মাধ্যমে সম্পন্ন করা হবে। অর্জিত ডিগ্রীসমূহের সনদপত্র প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (বাস্তবায়ন প্রক্রিয়াধীন) কর্তৃক প্রদান করা হবে। উপর্যুক্ত কলেজগুলোর বিভাগসমূহের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নের ছকে উল্লেখ করা হলোঃ

## ঢাকা কলেজ (১৮৪১)

মিরপুর রোড, নিউমার্কেট, ধানমন্ডি, ঢাকা-১২০৫

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| রসায়ন | ৭৪ | ৬ | ৮০ |
| গণিত | ৭৫ | ৬ | ৮১ |
| উদ্ভিদবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| প্রাণিবিদ্যা | ৭৪ | ৬ | ৮০ |
| ভূগোল ও পরিবেশ | ৬৬ | ৬ | ৭২ |
| মনোবিজ্ঞান | ৬৬ | ৬ | ৭২ |
| পরিসংখ্যান | ৭৫ | ৬ | ৮১ |
| বাংলা | ১২ | ১ | ১৩ |
| ইংরেজি | ১২ | ১ | ১৩ |
| ইতিহাস | ১২ | ১ | ১৩ |
| দর্শন | ১২ | ১ | ১৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১২ | ১ | ১৩ |
| ইসলামিক স্টাডিজ | ১২ | ১ | ১৩ |
| অর্থনীতি | ১২ | ১ | ১৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| হিসাব বিজ্ঞান | ১৫ | ১ | ১৬ |
| ব্যবস্থাপনা | ১৫ | ১ | ১৬ |

মোট আসন সংখ্যা-- ৭৭৫

## ইডেন মহিলা কলেজ (১৮৭৩)

আজিমপুর, লালবাগ, ঢাকা-১২০৫

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| রসায়ন | ৭৪ | ৬ | ৮০ |
| গণিত | ৭৫ | ৬ | ৮১ |
| উদ্ভিদবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| প্রাণিবিদ্যা | ৭৪ | ৬ | ৮০ |
| ভূগোল ও পরিবেশ | ৬৬ | ৬ | ৭২ |
| পরিসংখ্যান | ৭৫ | ৬ | ৮১ |
| মনোবিজ্ঞান | ৬৬ | ৬ | ৭২ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৫২ | ৪ | ৫৬ |
| বাংলা | ১২ | ১ | ১৩ |
| ইংরেজি | ১২ | ১ | ১৩ |
| ইতিহাস | ১২ | ১ | ১৩ |
| দর্শন | ১২ | ১ | ১৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১২ | ১ | ১৩ |
| ইসলামিক স্টাডিজ | ১২ | ১ | ১৩ |
| অর্থনীতি | ১২ | ১ | ১৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজকর্ম | ১২ | ১ | ১৩ |
| হিসাব বিজ্ঞান | ১৫ | ১ | ১৬ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ১৫ | ১ | ১৬ |
| ব্যবস্থাপনা | ১৫ | ১ | ১৬ |
| মার্কেটিং | ১৫ | ১ | ১৬ |

মোট আসন সংখ্যা-- ৮৭৬

## তিতুমীর কলেজ (১৯৬৮)

বীর উত্তম এ.কে.খন্দকার রোড, মহাখালী, ঢাকা-১২১৩

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| রসায়ন | ৭৪ | ৬ | ৮০ |
| গণিত | ৭৫ | ৬ | ৮১ |
| উদ্ভিদবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| প্রাণিবিদ্যা | ৭৪ | ৬ | ৮০ |
| পরিসংখ্যান | ৭৫ | ৬ | ৮১ |
| ভূগোল ও পরিবেশ | ৬৬ | ৬ | ৭২ |
| মনোবিজ্ঞান | ৬৬ | ৬ | ৭২ |
| বাংলা | ১২ | ১ | ১৩ |
| ইংরেজি | ১২ | ১ | ১৩ |
| ইতিহাস | ১২ | ১ | ১৩ |
| দর্শন | ১২ | ১ | ১৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১২ | ১ | ১৩ |
| ইসলামিক স্টাডিজ | ১২ | ১ | ১৩ |
| অর্থনীতি | ১২ | ১ | ১৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজকর্ম | ১২ | ১ | ১৩ |
| হিসাব বিজ্ঞান | ১৫ | ১ | ১৬ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ১৫ | ১ | ১৬ |
| ব্যবস্থাপনা | ১৫ | ১ | ১৬ |
| মার্কেটিং | ১৫ | ১ | ১৬ |

মোট আসন সংখ্যা-- ৮২০

## সরকারী বাঙলা কলেজ (১৯৬২)

মিরপুর-১, ঢাকা-১২১৬

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| রসায়ন | ৭৪ | ৬ | ৮০ |
| গণিত | ৮৩ | ৭ | ৯০ |
| উদ্ভিদবিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| প্রাণিবিদ্যা | ৭৪ | ৬ | ৮০ |
| মৃত্তিকা বিজ্ঞান | ৭৪ | ৬ | ৮০ |
| ভূগোল ও পরিবেশ | ৬৬ | ৬ | ৭২ |
| বাংলা | ১২ | ১ | ১৩ |
| ইংরেজি | ১২ | ১ | ১৩ |
| দর্শন | ১২ | ১ | ১৩ |
| ইতিহাস | ১২ | ১ | ১৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১২ | ১ | ১৩ |
| ইসলামিক স্টাডিজ | ১২ | ১ | ১৩ |
| অর্থনীতি | ১২ | ১ | ১৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১২ | ১ | ১৩ |
| সমাজকর্ম | ১২ | ১ | ১৩ |
| হিসাব বিজ্ঞান | ১৫ | ১ | ১৬ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | | | |
| ব্যবস্থাপনা | ১৫ | ১ | ১৬ |
| মার্কেটিং | | | |

মোট আসন সংখ্যা-- ৭১১

## বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজ (১৯৪৮)

৭, বক্শী বাজার, ঢাকা-১২১১

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৫৫ | ৫ | ৬০ |
| রসায়ন | ৫৫ | ৫ | ৬০ |
| গণিত | ৫০ | ৪ | ৫৪ |
| উদ্ভিদবিজ্ঞান | ৫৫ | ৫ | ৬০ |
| প্রাণিবিদ্যা | ৫৫ | ৫ | ৬০ |
| ভূগোল ও পরিবেশ | ৫০ | ৪ | ৫৪ |
| মনোবিজ্ঞান | ৫০ | ৪ | ৫৪ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৩৯ | ৩ | ৪২ |
| বাংলা | ১০ | ১ | ১১ |
| ইংরেজি | ১০ | ১ | ১১ |
| ইতিহাস | ১০ | ১ | ১১ |
| দর্শন | ১০ | ১ | ১১ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১০ | ১ | ১১ |
| ইসলামিক স্টাডিজ | ১০ | ১ | ১১ |
| অর্থনীতি | ১০ | ১ | ১১ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১০ | ১ | ১১ |
| সমাজ বিজ্ঞান | ১০ | ১ | ১১ |
| সমাজকর্ম | ১০ | ১ | ১১ |
| হিসাব বিজ্ঞান | ১০ | ১ | ১১ |
| ব্যবস্থাপনা | ১০ | ১ | ১১ |

মোট আসন সংখ্যা-- ৫৭৬

## সরকারী শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ (১৯৪৯)

লক্ষীবাজার, ঢাকা-১১০০+১০২:১২১

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৫৫ | ৫ | ৬০ |
| রসায়ন | ৫৫ | ৫ | ৬০ |
| গণিত | ৫০ | ৪ | ৫৪ |
| উদ্ভিদবিজ্ঞান | ৫৫ | ৫ | ৬০ |
| প্রাণিবিদ্যা | ৫৫ | ৫ | ৬০ |
| ভূগোল ও পরিবেশ | ৫০ | ৪ | ৫৪ |
| মৃত্তিকা বিজ্ঞান | ৫৫ | ৫ | ৬০ |
| বাংলা | ১০ | ১ | ১১ |
| ইংরেজি | ১০ | ১ | ১১ |
| দর্শন | ১০ | ১ | ১১ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১০ | ১ | ১১ |
| ইসলামিক স্টাডিজ | ১০ | ১ | ১১ |
| অর্থনীতি | ১০ | ১ | ১১ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১০ | ১ | ১১ |
| সমাজকর্ম | ১০ | ১ | ১১ |
| হিসাব বিজ্ঞান | ১১ | ১ | ১২ |
| ব্যবস্থাপনা | ১১ | ১ | ১২ |

মোট আসন সংখ্যা-- ৫২০

## কবি নজরুল সরকারী কলেজ (১৯৬২)

লক্ষীবাজার, ঢাকা-১১০০

| | | | |
|---|---|---|---|
| পদার্থবিজ্ঞান | ৫৬ | ৪ | ৬০ |
| রসায়ন | ৫৬ | ৪ | ৬০ |
| গণিত | ৫০ | ৪ | ৫৪ |
| উদ্ভিদবিজ্ঞান | ৫৬ | ৪ | ৬০ |
| প্রাণিবিদ্যা | ৫৬ | ৪ | ৬০ |
| ভূগোল ও পরিবেশ | ৫০ | ৪ | ৫৪ |
| বাংলা | ১০ | ১ | ১১ |
| ইংরেজি | ১০ | ১ | ১১ |
| ইতিহাস | ১০ | ১ | ১১ |
| দর্শন | ১০ | ১ | ১১ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১০ | ১ | ১১ |
| ইসলামিক স্টাডিজ | ১০ | ১ | ১১ |
| অর্থনীতি | ১০ | ১ | ১১ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১০ | ১ | ১১ |
| আরবি | ১০ | ১ | ১১ |
| হিসাব বিজ্ঞান | ১১ | ১ | ১২ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ১১ | ১ | ১২ |
| ব্যবস্থাপনা | ১১ | ১ | ১২ |
| মার্কেটিং | ১১ | ১ | ১২ |

মোট আসন সংখ্যা-- ৪৯৫

বি: দ্র: **কোটায় আসন পূরণ না হলে মেধা তালিকা থেকে আসন পূরণ করা হবে।**
**একইভাবে কোনো বিষয়ে আসন পূরণ না হলে অন্য ইউনিট থেকে পূরণ করা যাবে।**

## প্রাথমিক আবেদন

১। বিজ্ঞান ইউনিটে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (বাস্তবায়ন প্রক্রিয়াধীন) অধীনে সরকারি সাত কলেজে বিদ্যমান কাঠামোতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য ০৩ আগস্ট ২০২৫ দুপুর ১২:০০ টা হতে ১০ আগস্ট ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। কেউ পূর্বের আবেদন বাতিল করতে চাইলে উক্ত সময়সীমার মধ্যে বাতিল করতে হবে। আবেদনে তথ্য/ছবি সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) সর্বশেষ তারিখ ১২ আগস্ট ২০২৫ পর্যন্ত।

২। ভর্তির আবেদন https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইট এর মাধ্যমে করতে হবে ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর প্রযোজ্য ক্ষেত্রে কোটার তথ্য এবং ওয়েবসাইটে উল্লিখিত সাইজের একটি ছবি প্রয়োজন হবে। আবেদনকারীকে দেশের চারটি রাষ্ট্রয়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, রূপালী ও অগ্রণী) যেকোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের (বিকাশ/নগদ/রকেট ইত্যাদি) মাধ্যমে নিধারিত সময়সীমার মধ্যে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা জমা দিতে হবে। আবেদনপত্র ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে কলেজ ও বিষয় বরাদ্দ দেয়ার সর্বশেষ তারিখ ২০/১০/২০২৫ এবং ভর্তির শেষ তারিখ ২৫/১০/২০২৫। কলেজে ক্লাস শুরুর তারিখ ৩০/১০/২০২৫।

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আবেদন করার ন্যূনতম যোগ্যতা

৪। প্রার্থীকে ২০১৯ থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৩ অথবা ২০২৪ সালের বাংলাদেশের যেকোন শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় অথবা গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চমাধ্যমিক অথবা মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা কারিগরি শিক্ষা বোর্ডের বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level অথবা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ হতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করা হবে। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা অর্থাৎ নির্দেশিকার ১৯ নং ধারায় উল্লিখিত শর্ত পূরণ করতে হবে।

৫। যেসকল প্রার্থী ২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত IGCSE/O-Level পরীক্ষায় অন্তত ০৫টি বিষয়ে এবং ২০২৩ অথবা ২০২৪ সালের ফল প্রকাশিত IAL/GCE A-Level পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে অথবা সমমান পরীক্ষায় অন্তত ০২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/O-Level এবং IAL/A-Level -এর সর্বশেষ পরীক্ষার সনকে উক্ত পরীক্ষার পাসের বছর হিসেবে গণ্য করা হবে) এবং উপর্যুক্ত ০৭টি বিষয়ের মধ্যে যারা ০৪ (চার)টি বিষয়ে অন্তত B গ্রেড ও ০৩ (তিন)টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে, কেবলমাত্র তারাই ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য বিবেচিত হবে। কোনো বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না। সমতা নিরূপণের জন্য নির্ধারিত ফি সহ অনলাইনে আবেদন করতে হবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে:

A=5.0 B=4.0 C=3.5 D=0.0

A-Level/O-Level/সমমান বিদেশি পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে "সমমান আবেদন" বা "Equivalence" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মতো একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করা যাবে।

## ভর্তি পরীক্ষা

৬। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা ২৩ আগস্ট ২০২৫ শনিবার, সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ MCQ পদ্ধতিতে হবে। মোট ১০০টি প্রশ্নের জন্য মোট নম্বর হবে ১০০।

ঘ) ভর্তি পরীক্ষার পাস নম্বর ন্যূনতম ৪০% অর্থাৎ ৪০ (চল্লিশ) নম্বর। যারা ৪০ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

**ঙ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫(দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে।**

৭। ক) ভর্তি পরীক্ষার প্রশ্ন ২০২৪ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষায় অনুসৃত পাঠ্যসূচি অনুযায়ী হবে এবং প্রত্যেক প্রার্থীকে পদার্থ ও রসায়নসহ মোট ০৪ টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট নম্বর ২৫।

খ) যে সকল প্রার্থী উচ্চমাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। তবে কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চমাধ্যমিক পর্যায়ের ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।

গ) যে সকল প্রার্থী উচ্চমাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান ০৪ টি বিষয়ের মধ্যে যেসকল বিষয় (সর্বোচ্চ দু'টি) অধ্যয়ন করেনি, তাদেরকে সেগুলোর পরিবর্তে বাংলা অথবা/ এবং ইংরেজি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় পূরণ করতে হবে।

ঘ) একজন শিক্ষার্থী কোন বিষয়ে ভর্তি হতে পারবে তা নির্ভর করবে সে উচ্চমাধ্যমিক/সমমান পর্যায়ে কোন কোন বিষয়ে অধ্যয়ন করেছে তার উপর। বিজ্ঞান বহির্ভূত বিষয়সমূহে ভর্তির জন্যও এটি প্রযোজ্য হবে।

৮। বিজ্ঞান ইউনিটের কোনো পরীক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট বা বাণিজ্য ইউনিটের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে যদি কোনো শিক্ষার্থী বিজ্ঞান ইউনিট হতে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটের কোনো বিভাগে ভর্তি হতে ইচ্ছুক হয় তাহলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অনলাইনে বিভাগ পছন্দক্রম ফরম পূরণের সময় তা উল্লেখ করতে হবে এবং অধিভুক্ত কলেজের বিধি মোতাবেক মেধার ভিত্তিতে আসন সংখ্যা অনুযায়ী বিভাগ নির্ধারণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৯। প্রার্থীকে OMR উত্তরপত্রের ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি MCQ পরীক্ষার উত্তরপত্র সরবারাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে। উত্তরপত্রে Roll ও Serial না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। পরীক্ষায় কোনো প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে Mobile Phone, Calculator, Smart Watch, Electronics Device সংবলিত ঘড়ি ও কলম সঙ্গে আনা এবং ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে তা পরীক্ষায় অসদুপায় বলে বিবেচিত হবে।

১১। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্ব থেকে বিস্তারিত আসন বিন্যাস ভর্তির ওয়েবসাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানতে পারবে।

১২। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।

১৩। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যোকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল হবেল গণ্য হবে।

১৫। পরীক্ষার্থীদের অবশ্যই প্রযোজনীয় স্বাস্থ্যবিধি মানতে হবে।

## মেধাতালিকা ও ভর্তি

১৬। ক) মোট ১২০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধাতালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Levelবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ- কে ২ দিয়ে গুণ এবং উচ্চমাধ্যমিক/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ করে; এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় ১০০-তে প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে ১২০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধাতালিকা তৈরি করা হবে।

**খ) ২০২৩ সালের HSC/সমমানের পরীক্ষায় উত্তীর্ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে অর্জিত স্কোর হতে ২ (দুই) বিয়োগ করে মেধাস্কোর নির্ণয় করা হবে।**

গ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর

(২) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA[Without $4^{th}$ Subject/ ৪র্থ বিষয় ছাড়া]

(৩) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA[Without $4^{th}$ Subject/ ৪র্থ বিষয়সহ]

(৪) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA[Without $4^{th}$ Subject/ ৪র্থ বিষয় ছাড়া]

(৫) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA[Without $4^{th}$ Subject/ ৪র্থ বিষয়সহ]

১৭। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধাতালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর দ্রুততম সময়ের মধ্যে ভর্তির ওয়েবসাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। প্রার্থী এসএমএস-এর মাধ্যমেও ফলাফল জানতে পারবে।

১৮। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা:

| ভর্তির বিভাগ/বিষয় | উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় গঠিত বিষয়/বিষয়সমূহ | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|
| পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান ও গণিত | পদার্থবিজ্ঞান ৫ |
| গণিত | গণিত | গণিত ৫ |
| রসায়ন | রসায়ন ও গণিত | রসায়ন ৫ |

| | | |
|---|---|---|
| পরিসংখ্যান | গণিত | গণিত ৫ |
| উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞান | জীববিজ্ঞান ৫ |
| প্রাণিবিদ্যা | জীববিজ্ঞান | জীববিজ্ঞান ৫ |
| মনোবিজ্ঞান | জীববিজ্ঞান | জীববিজ্ঞান ৫ |
| ভূগোল ও পরিবেশ | - | - |
| মৃত্তিকা বিজ্ঞান | জীববিজ্ঞান ও রসায়ন | রসায়ন ৫ |
| গার্হস্থ্য অর্থনীতি | - | - |

১৯। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (College and Subject Choice) পুরণ করতে হবে। পরবর্তীতে Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC -এর মূল নম্বরপত্র সংশ্লিষ্ট কলেজে জমা রাখা হবে।

## বিবিধ

২০। কোটায় ভর্তির বিষয়:

ওয়ার্ড, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস), হরিজন ও দালিত সম্প্রাদায়, মুক্তিযোদ্ধার সন্তান এবং খেলোয়াড় কোটা (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান "বিকেএসপি" থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী) হিসাবে প্রার্থীদের ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম পাশ নম্বর পেতে হবে। প্রচলিত রীতি অনুযায়ী যেকোনো নির্ধারিত কোটায় আসন পূরণ না হলে মূল মেধা তালিকার ক্রমানুযায়ী শূণ্য আসন পূরণ করা হবে।

ক) সরকারি সাত কলেজের কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড কোটা কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী-এর ক্ষেত্রে প্রযোজ্য।

খ) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসনে ভর্তি করা হবে।

গ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।

ঘ) হরিজন ও দলিত সম্প্রদায় প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।

ঙ) প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।

চ) খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে আগত শিক্ষার্থীদের জন্য বিষয় বন্টন করা হবে।

ছ) হিজড়া সম্প্রদায় ভর্তিতে বিশেষ বিবেচনা প্রাপ্য হবেন। কেবলমাত্র জন্মগতভাবে লিঙ্গ বৈচিত্রের অধিকারী শিক্ষার্থীরা হিজড়া কোটায় ভর্তির আবেদন করতে পারবে। হিজড়া কোটা শনাক্তকরণে সরকারের সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত হিজড়া (গেজেট নং সকম/কর্ম-১শা/হিজড়া-১৫-২০১৩-৪০) পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে।

* ওয়ার্ড ও খেলোয়ার কোটা ব্যাতীত অন্যান্য কোটায় ভর্তিকৃত আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

* ওয়ার্ড ও খেলোয়ার কোটায় ভর্তিকৃত আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত।

কোটায় ভর্তি প্রার্থীদেরকে বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট কলেজ থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শনপূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে।

প্রার্থী যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক; অনলাইনে ভর্তি ফরম পুরণের সময়ে সেই কোটায় অবশ্যই টিক (√) চিহ্ন দিতে হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণের পর আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞান অনুষদের ডিন অফিসে জমা প্রদান করতে হবে।

* ওয়ার্ড কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট সাত কলেজের অধ্যক্ষ/ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র।
* উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠ প্রধান/জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
* হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজল ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধান ও জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
* প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) কোটার ক্ষেত্রে জেলা সমাজসেবা কর্তৃক ইস্যুকৃত কার্ডের সত্যায়িত কপি, জেলা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং প্রার্থীর জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।
* খেলোয়াড় কোটা (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ''বিকেএসপি'' থেকে HSC পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী) ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কর্তৃক প্রদত্ত সনদপত্র।
* মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তি প্রার্থীদের মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) থেকে প্রকাশিত মুক্তিযোদ্ধার প্রমাণস্বরূপ (বর্ণিত প্রমাণক/গেজেট) তালিকার প্রিন্ট কপি জমা দিতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তি প্রার্থীদের মুক্তিযোদ্ধার সনদ সঠিক কিনা তা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে যাচাই করার পর ভর্তির অনুমতি প্রদান করা হবে।

২১। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো গরমিল ধরা পড়ে অথবা যদি দেখা যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি-পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।

২২। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩১/০৭/২৫

(অধ্যাপক এ কে এম ইলিয়াস)
আইডি-১০৪
অধ্যক্ষ ঢাকা কলেজ,ঢাকা
ও
প্রশাসক
অন্তর্বর্তী প্রশাসন
প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (বাস্তবায়ন প্রক্রিয়াধীন)